



Sub: Bengali Text Work Sheet-3

Class: 6

Date: 06.02.2021

## বিষয় : লবকুশের সংগীতে মুঞ্চ রামচন্দ্র

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'স্থিরীকৃত ছিল।' 'স্থিরীকৃত' শব্দের অর্থ হল —  
(ক) স্থির করা (খ) নির্দিষ্ট ছিল  
(গ) লক্ষ্য করা (ঘ) জমে থাকা
- ২। '\_\_\_\_\_ একান্ত কখন আরম্ভ হয়,' শূন্যস্থানে বসবে —  
(ক) গোপনে (খ) উৎসাহে  
(গ) উৎসুক চিত্তে (ঘ) অনুরোধে
- ৩। 'মহারাজ! সকলেই সঙ্গীত শ্রবণের নিমিত্ত উৎসুক হইয়াছেন। - বক্তা হলেন —  
(ক) সেনাপতি (খ) মন্ত্রী  
(গ) বিদুষক (ঘ) মহর্ষি বাল্মীকি
- ৪। 'অনন্তর' শব্দের অর্থ হল —  
(ক) এরপর (খ) অনেক পরে  
(গ) আর নয় (ঘ) কোনটি নয়
- ৫। 'অনন্তর তদীয় আদেশ অনুসারে ....' - কার আদেশ অনুসারে?  
(ক) মহর্ষি বাল্মীকি (খ) মহারাজ রামচন্দ্র  
(গ) কৈকেয়ী (ঘ) কোনটি নয়
- ৬। লব ও কুশ কোন বাদ্যযন্ত্র সহযোগে সঙ্গীত পরিবেশন করেন?  
(ক) তানপুরা (খ) একতারা  
(গ) বীণা (ঘ) হারমোনিয়াম
- ৭। লব ও কুশ কোন সঙ্গীত পরিবেশন করেছিলেন?  
(ক) রাম ও সীতার স্নেহ ও অনুরাগ প্রসঙ্গ (খ) উচ্চাঙ্গ সঙ্গীত  
(গ) খেয়াল (ঘ) লোকগীতি
- ৮। 'তদীয় নয়নযুগল হইতে ....', 'তদীয়' শব্দের অর্থ হল —  
(ক) তখন (খ) তাঁর  
(গ) তাঁদের (ঘ) কোনটি নয়
- ৯। 'রামের হৃদয় \_\_\_\_\_ হইল।' - শূন্যস্থানে বসবে —  
(ক) আকুল (খ) ব্যাকুল  
(গ) দ্রবীভূত (ঘ) সিক্ত
- ১০। 'ততই তাহারা সীতার তনয় বলিয়া ....' 'সীতা' কে?  
(ক) রাজারাগী (খ) রামচন্দ্রের স্ত্রী  
(গ) লক্ষ্মণের স্ত্রী (ঘ) কৈকেয়ীর বোন

- ১১। 'ইহারা তাহাদের কলেবরে ....' 'কলেবর' শব্দের অর্থ হল —  
(ক) শরীর (খ) সঙ্গীতে  
(গ) চিৎকারে (ঘ) কোনটি নয়
- ১২। 'সৌসাদৃশ্য' শব্দের অর্থ হল —  
(ক) সুন্দর সাদৃশ্য (খ) খুব মিল  
(গ) সৌন্দর্য (ঘ) সুখের মুখ
- ১৩। '..... একতানমনে সঙ্গীত শ্রবণ ও অনিমেষ নয়নে তাহাদের রূপ নিরীক্ষণ করিতে লাগিলেন।'  
কারা রূপ নিরীক্ষণ করলেন?  
(ক) রামচন্দ্র ও ভ্রাতাগণ (খ) মহর্ষিগণ  
(গ) উপস্থিত জনতা (ঘ) রাজমাতাগণ
- ১৪। সঙ্গীত শুনে রামচন্দ্র লব-কুশকে কি পুরস্কার দিতে চাইলেন?  
(ক) লক্ষ স্বর্ণমুদ্রা (খ) সহস্র সুবর্ণ  
(গ) অর্ধেক রাজস্ব (ঘ) কোনটি নয়
- ১৫। 'বীতস্পৃহ' শব্দের অর্থ হল —  
(ক) লোভ-কামনাহীন (খ) অনিচ্ছা  
(গ) অনুগ্রহ (ঘ) কোনটি নয়

**Amit Kundu**

\*\*\*\*\*